R. N. No. 2532/57 Phone No. 66-228, STD 03483 Regd. No.—WB/MSD 4

আলমারী, চেয়ার এবং
যাবতীয় ষ্টীল সরঞ্জাম বিক্রেতা
বি কে ষ্টীল
ফার্ণিচার
অনুমোদিত বিক্রেতা ঃ ষ্টিলকো
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ ঃ ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাংক
অনুমোদিত )
ফোন ঃ ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৫শ বর্ষ
৫ম সংখ্যা
রঘুনাথগঞ্জ ২রা আষাঢ় বুধবার, ১৪০৫ সাল।
১৭ই জুন, ১৯৯৮ সাল।
নগদ মূল্য ঃ ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## দেবগ্রামে উত্তেজনা, ফের সন্ত্রাস সেকেন্দ্রায়

নিজস্ব সংবাদদাতা ঃ পঞ্চায়েত নির্বাচনের পরবর্তী পর্যায়ে মহকুমার কিছু কিছু স্থান থেকে সন্ত্রাসের সংবাদ পাওয়া গেছে। সাগরদিঘী থেকে আমাদের নিজস্ব প্রতিনিধি জানাচ্ছেন সিপিএম মোরগ্রাম লোকাল কমিটির সম্পাদক জ্যোতিরূপ ব্যানার্জীর বাড়ীতে অগ্নিসংযোগের ঘটনাকে কেন্দ্র করে দেবগ্রামে উত্তেজনা রয়েছে। এ ঘটনায় সিপিএমের পক্ষ থেকে অভিযোগ নির্বাচনে পরাজিত হয়ে কংগ্রেসীরা এ কাজ করেছে। এ ব্যাপারে বর্তমানে যে সাতজনকে গ্রেপ্তার করা হয়েছে তাঁরা প্রায় সকলেই গ্রামের প্রভাবশালী মুখার্জী পরিবারের সদস্য। এঁদের মধ্যে দু'জন বয়স্ক শিক্ষক সত্যনারায়ণ মুখার্জী এবং নিরঞ্জন মুখার্জী বর্তমানে অসুস্থ হয়ে জঙ্গিপুর হাসপাতালে পুলিশী হেফাজতে ভর্তি আছেন। মুখার্জী পরিবারের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে নির্বাচনের পরদিন সিপিএম বদলা নিতে তাদের পুকুরে বিষ দিয়ে সব মাছ মেরে ফেলছে সিপিএমের বিরুদ্ধে এই পরিবার থেকে প্রার্থী দেওয়া হয়েছিল এটাই তাদের অপরাধ। এই পরিবারের ছত্রছায়ায় পালিত জ্যোতিরূপ ব্যানার্জীর বাড়ীতে অগ্নিসংযোগের ঘটনা পূর্বপরিকল্পিত বলেও অনেকের অনুমান। বাড়ী সম্পূর্ণ ভস্মীভূত হলেও প্রাণহানি কিংবা আসবাবপত্র বা সম্পত্তির কোনো ক্ষয় ক্ষতি হয়নি বলে জানা যায়। গ্রামের লোক সবকিছু জেনে বুঝেও কেবল ভয়ে মুখ খুলতে নারাজ। অগ্নিকাণ্ডের ঘটনাকে উত্তেজনাপূর্ণ করার জন্য দূরদুরান্ত গ্রাম থেকে ট্রাকে ট্রাকে লোক এনে সিপিএম দেবগ্রামে মানুষের ঢল নামিয়ে দেয়। পুলিশ রাজনৈতিক চাপে ঘটনার কোন তদন্ত না করেই সাতজনকে আসামী করে গ্রাম থেকে গ্রেপ্তার করে নিয়ে আসে। কংগ্রেসের পক্ষ থেকে ( ২য় পৃষ্ঠায় )

## মহকুমা শাসক অফিসে বিভাগীয় বদলির বিরুদ্ধে ট্রাইব্যুনালে গেলেন এসডিও-র সি এ

নিজস্ব সংবাদদাতা ঃ জঙ্গীপুর মহকুমা শাসক অফিসে তিন বছর অন্তর রুটিনমাফিক বিভাগীয় বদলীর বিরুদ্ধে ষ্টেট এ্যাডমিনিষ্ট্রেটিভ ট্রাইব্যুনাল বা স্যাট-এর দ্বারস্থ লন মহকুমা শাসকের সি এ অনিল কোনাই। কর্মীদের মধ্যে বদলী নিয়ে অসন্তুষ্টি থাকলেও বেশীর ভাগ কর্মী নিজ নিজ দপ্তরের ভার বুঝে নিয়েছেন। অনিল কোনাই বাদে আর যে দু-একজন বদলীর আদেশে মনঃক্ষুন্ন হয়েছেন তাঁরা অনিলবাবুর ট্রাইব্যুনালের আদেশের অপেক্ষায় আছেন। তবে এই বদলীর নির্দেশের পূর্ব মহকুমা শাসক কর্মচারীদের কোঅর্ডিনেশন ও ওয়ান ইউনিট—দুই ইউনিয়নের সঙ্গে আলোচনা করেই অর্ডার তৈরী করেছেন বলে জানা যায়। অনিল কোনাইকে বদলী করা হয়েছে ফুড সেকশনে। তাঁর দাবী অসুস্থতার জন্য মেডিক্যাল সার্টিফিকেট দেখিয়ে যে কোন হাল্কা কাজের সেকশনে বদলীর জন্য এসডিও-কে অনুরোধ জানান। কিন্তু এসডিও সে অনুরোধে কর্ণপাত না করায় তাঁকে বাধ্য হয়েই ট্রাইব্যুনালের দ্বারস্থ হতে হয়েছে। বর্তমানে কোনাই-এর জায়গায় মানিক দেকে সি এ পদে বদলী করা হয়েছে। অন্যদিকে মহকুমা শাসক অফিসেরই বেশ কিছু কর্মীর বক্তব্য, যেসব দপ্তরে দু' পয়সা (২য় পৃষ্ঠায়)

## মির্জাপুর গ্রাম পঞ্চায়েতের মধ্যমণি এখন রবি টুডু

নিজস্ব সংবাদদাতা : মির্জাপুর গ্রাম পঞ্চায়েতের ১৮টি আসনের মধ্যে সি পি আই এম ৮টি, তৃণমূল কংগ্রেস ৫টি, বিজেপি ৩টি এবং জাতীয় কংগ্রেস ২টি আসনে জয়ী হয়েছে। চতুর্মুখী প্রতিযোগিতায় সিপিএম ও তৃণমূল-বিজেপির সমান সমান আসন নিয়ে বেশ তোলপাড়। তারমধ্যে জাতীয় কংগ্রেসের হয়ে কালু খাঁ দুটি মাত্র প্রার্থী দিয়ে দুটিতেই জয়লাভ করেন। সে দুটি জেনারেল সিটের আদিবাসী সাঁওতাল রবি টুডু ও কেবলু দাস। এ অবস্থায় তৃণমূল বিজেপির তোড়জোড় আরম্ভ হয়ে গেছে। এক পক্ষ সমর্থন করছে তৃণমূলের নাদির হোসেনকে অন্য পক্ষ সমর্থন করছে তৃণমূলেরই জয়ন্ত চট্টোপাধ্যায়কে। এমতাবস্থায় কালু খাঁ তাঁর প্রার্থী রবি টুডুকে প্রধান (শেষ পৃষ্ঠায়)

## দুই ট্রেকারের সংঘর্ষে তিনজন যাত্রীর মৃত্যু

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর—লালগোলা লাইনে দুটি ট্রেকারের সংঘর্ষে গত ১৪ জুন ঘটনাস্থলে একজন, হাসপাতালে আনার পথে গাড়ীঘাটে একজন এবং হাসপাতালে একজন যাত্রী মারা যান। আর একজনের অবস্থা আশংকাজনক। অনুসন্ধানে জানা যায় ঐ লাইনে বর্তমানে প্রায় ৮০/৯০ খানা ট্রেকার, ডিজেল অটো বা পেট্রোল অটো চলছে। রাস্তার বেহাল অবস্থাকে উপেক্ষা করে চালকেরা গাদাগাদি যাত্রী নিয়ে দ্রুত গতিতে চলাচল করে। এই প্রসঙ্গে আরো জানা যায় অনেক চালকের ড্রাইভিং লাইসেন্সও নাই। খালাসির অভিজ্ঞতায় তারা গাড়ী চালাচ্ছে। এইসব (শেষ পৃষ্ঠায়)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, শুধু কথা বাক্য পারস্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।'
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২রা আষাঢ় বুধবার, ১৪০৫ সাল।

## ॥ ভাবিবার বিষয় ॥

আমাদের পত্রিকার গত সংখ্যায় প্রকাশিত এক প্রতিবেদন হইতে জানা যায় যে, রঘুনাথগঞ্জ বালিকা বিদ্যালয়ের পরিচালন কমিটির একজন অভিভাবক প্রতিনিধি ও ফরওয়ার্ড ব্লক নেতা শ্রীগৌতম রুদ্র 'বাম শিক্ষানীতি প্রয়োগের ব্যর্থতায় ও শিক্ষিকাদের স্বৈরাচারী আচরণের প্রতিবাদে' বিদ্যালয় পরিচালক মণ্ডলী হইতে পদত্যাগ করিয়াছেন। আরও জানা যায় যে, শ্রীরুদ্র যাহাতে তাঁহার পদত্যাগপত্র প্রত্যাহার করেন, তাহার জন্য কমিটির সভাপতি ও সম্পাদক মহাশয়গণ চেষ্টা করিতেছেন। এই নিবন্ধ লেখার সময় পর্যন্ত পরিস্থিতি কী দাঁড়াইয়াছে, তাহা জানা যায় নাই। গৌতমবাবু য হাতে পদত্যাগ না করেন, তাহার জন্য চেষ্টা চালান হইতেছে। কারণ তিনি সরিয়া গেলে নাকি বর্তমান পরিচালন কমিটির স্থায়িত্ব বিপন্ন হইবে বলিয়া আশঙ্কা করা হইতেছে।

এখন, গৌতমবাবুর দাবী কী? প্রকাশিত সংবাদ হইতে জানা গিয়াছে যে, এই শহরের একমাত্র বালিকা বিদ্যালয়ে পঞ্চম শ্রেণীতে ছাত্রী ভর্তি—সমস্যার নিরসনে বিদ্যালয় পরিচালন কমিটি নাকি ব্যর্থ হইয়াছে এবং বামফ্রন্টের শিক্ষানীতিকে নাকি বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখান হইয়াছে। যুক্তি হিসাবে বলা হইয়াছে যে, স্থানীয় সিপিএম প্রভাবিত পরিচালনাধীন শ্রীকান্তবাটী বিদ্যালয়ে সকলকেই ভর্তি করা হয় এবং রঘুনাথগঞ্জ ২নং ব্লকের সেকেন্দ্রা বিদ্যালয়ে সকলকেই পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণ করা হয়; সেখানে এই বালিকা বিদ্যালয় বামফ্রন্ট প্রভাবিত পরিচালনাধীন হইয়াও এমন বৈষম্য রাখিবে কেন? ইহা ছাড়াও পাঠ্যপুস্তক নির্বাচনের বিষয়ে তাঁহার অভিযোগ আছে বলিয়া খবরে প্রকাশ।

গত শিক্ষাবর্ষে এই বিদ্যালয়ে বিভিন্ন রাজনৈতিক দলের চাপে অনেক নিম্নমানের ছাত্রীকে পঞ্চম শ্রেণীতে ভর্তি করা হয়। এই বৎসর বার্ষিক পরীক্ষায় ১৫৪ জন ছাত্রী কৃতকার্য হয় নাই। শিক্ষিকাদের এ্যাকাডেমিক কাউন্সিল ও হয়ত ষ্টাফ কাউন্সিলে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নিম্নমেধাসম্পন্ন ছাত্রীদিগকে কোনমতেই ভর্তি করা হইবে না। বর্তমান শিক্ষাবর্ষের জন্য পঞ্চম শ্রেণীতে ভর্তির জন্য ৩৮০টি আবেদনপত্রের মধ্যে ১৫০ জন ছাত্রীকে ভর্তি করা হইয়াছে। ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে হয়ত তাহা করা হয়।

এখন প্রশ্ন হইতেছে, পঞ্চম শ্রেণীতে ভর্তি পরীক্ষায় এত অকৃতকার্যতা কেন? আর কেনই বা বিভিন্ন বিদ্যালয়ে পঞ্চম শ্রেণীর বাৎসরিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হয় না? প্রসঙ্গত স্মরণ করা যাইতে পারে যে, কিছুদিন পূর্বে এস ইউ সি আই দল প্রাথমিক শ্রেণীতে ইংরাজী পড়া তুলিয়া দেওয়া এবং পরীক্ষায় পাশ-ফেল প্রথা রদ করার প্রতিবাদে বাংলা বন্‌ধ্‌ ডাকিয়াছিল। যতদূর মনে হয়, পাশ-ফেল প্রথা চালু না হইলে পঞ্চম শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির সমস্যা সর্বত্র সুতীব্র হইবে। পরীক্ষা দিলেই প্রমোশন দেওয়ার রীতি অব্যাহত রহিলে শিক্ষার মান কোন পর্যায়ে দাঁড়াইবে, তাহা ভাবিবার বিষয়।

### *ফের সন্ত্রাস সেকেন্দ্রায়* (১ম পৃষ্ঠার পর)

এই ঘটনার প্রতিবাদে সাগরদীঘি থানা ঘেরাও করা হয়। দেংগ্রামে পুলিশী টহল চলছে। অন্যদিকে জেলা থেকে সিপিএম নেতা তুষার দে ও সচ্চিদানন্দ কাণ্ডারী গ্রামে আসেন। পরে তাঁরা এই জঘন্য কাজের প্রতিবাদে জেলা শাসকের কাছে ডেপুটেশন দেন।

অপরদিকে জঙ্গিপুর থেকে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন রাজ্য বিজেপি দলের প্রতিনিধি দল সেকেন্দ্রায় ঘুরে রঘুনাথগঞ্জ থানার ওসির সঙ্গে সাক্ষাতের পরে কয়েকটি বিজেপি সমর্থক বলে পরিচিত পরিবার গ্রামে ফিরে গেলে তাঁদের উপর পুনরায় অত্যাচার শুরু করেছে সিপিএম বাহিনী। লালখানদিয়ারের ফুলমণি মণ্ডলের পরিবারের পক্ষ থেকে থানায় এ নিয়ে অভিযোগ করা হলে থানা কোনো ডায়েরী নিতে রাজি হয়নি। তৃণমূল ও বিজেপি সমর্থকদের চিহ্নিত করে গ্রামে তাঁদের বাড়ীতে ভয় দেখানো হচ্ছে। ঐসব বাড়ীর পুরুষ মানুষেরা প্রাণের ভয়ে ঘর-বাড়ী ছেড়ে গ্রামের বাইরে এ্যাফক্সের বাঁধের ধারে বা পার্শ্ববর্তী গ্রামে আত্মীয়ের বাড়ীতে কোন রকমে দিন কাটাচ্ছেন বলে খবর।

### *এসডিও-র সি এ* (১ম পৃষ্ঠার পর)

উপরি পাওনা আছে, সেখান থেকে কাউকে বদলী করলেই তাঁর গোঁসা হয়। দু-পয়সা উপরি বলতে সেইসব কর্মী রেডক্রশ, নির্বাচন, নাজিরখানা ইত্যাদি দপ্তরের উল্লেখ করেন। পূর্বতন এসডিও সুরেশকুমারের পর থেকেই রেডক্রশ তহবিলে সংগৃহীত অর্থের কোনও অডিট হয় না বলেও অভিযোগ বহুদিনের। নিয়মানুযায়ী জেলা থেকে রেডক্রশের চাঁদার বই আসার কথা। তা বর্তমানে কিছু এলেও স্থানীয় প্রেস থেকে আরও কিছু চাঁদার বই ছাপানো হয় বলে জানা যায়। রেডক্রশের বিলের তিনটি কপি হওয়ার কথা যার একটি জেলাকে দিতে হয়, একটি মহকুমা শাসকের কাছে থাকে, অপরটি চাঁদাদাতা পান। বর্তমানে জেলাকে বাদ দিয়ে রেডক্রশের মাত্র দুটি কপি করে চাঁদার রসিদ ছাপানো হয়। এভাবে রেডক্রশ তহবিলে চাঁদার পরিমাণের সঙ্গে দাতার দেয় চাঁদার পরিমাণ মিলবে না প্রকৃত অডিট হলে বলে অনেক কর্মীর অভিযোগ। বদলির ব্যাপারে মহকুমা শাসক মণীশ রায় জানান ট্রাইবুনাল আমাকে অভিযোগকারীর বক্তব্য শুনে ব্যবস্থা নিতে নির্দেশ দিয়েছেন। আমি অনিল কোনাইকে নোটিশ করে তাঁর বক্তব্য পেশ করার সুযোগ দেব। বক্তব্য সন্তোষজনক না হলে বা তিনি নতুন টেবিলে কাজে যোগ না দিলে তখন প্রয়োজনীয় ব্যবস্থা নেব। রেডক্রশ তহবিলের অডিটের ব্যাপারে তাঁকে প্রশ্ন করলে তিনি জানান সেবামূলক সংস্থায় অডিটের কোন প্রশ্নই থাকে না।

## করুণার মার অন্ধ বিশ্বাস

মোঃ আবদুল্লাহ মোল্লা

করুণার মাকে কেউ চেনে না। করুণার মায়ের মত অনেক মা আছে যাদের কেউ চেনে না। করুণার মা কোন এক বাবুর বাড়ীতে সকাল, দুপুর থালা বাসন মাজে ঝাঁট দেয়।

একদিন গৃহকর্তা দুপুরে গরমে যখন হাসফাঁস করছে, করুণার মা খাওয়া এঁঠো বাসনগুলো মাজতে ব্যস্ত, এমন সময় গৃহকর্তার উক্তি—হাগো করুণার মা এত গরম কেন? আর জলই বা হচ্ছে না কেন?

করুণার মা বলে, কেন বাবু জানেন না? এই যে সার্কাস আইছে না, তারা নাকি সার্কাসের মাঝখানে একটা গাছ পুঁইত্যা কত কি পূজাও করেছে। যাতি জল হতি না পারে। জল হলে সার্কাস ভাল জমবে না। তাই বাবু জল হইছে না। রঘুনাথগঞ্জের সবাই জানে বাবু জল না হবার কারণ। অথচ আপনারা জানেন না গো বাবু! আপনারা কেমন লোক গো! এত বড় খবর অথচ আপনারা জানেন না।

চল না করুণার মা আমরা দল বেঁধে সবাই মিলে যায়। কেন তারা একাজ করেছে। না বাবু না। আমরা গেলে কোন কাজই হবিনি। আমরা মুখ্যসুখ্য মানুষ বাবু। আপনারা এর বিহিত করলে করতে পারেন। দেখবেন বাবু যেমনই সার্কাস উঠ্যা যাবে অমনি জল হবি।

করুণার মার অন্ধ বিশ্বাস। সার্কাসে গাছ পোঁতা ও পুজো দেবার কারণে জল না হওয়া। আপনারা সবাই হয়তো এ'থা শুনে হাসবেন। কিন্তু করুণার মার অটল বিশ্বাস—সে কিন্তু হাসবে না।

## পঞ্চায়েত নির্বাচনে মহকুমার ব্লকওয়ারী ফলাফল

### গ্রাম পঞ্চায়েত

| ব্লকের নাম | মোট আসন | সিপিএম | সিপিআই | আরএসপি | ফঃ ব্লক | কংগ্রেস | টিএমসি | বিজেপি | নির্দল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ফরাক্কা | ১৩৯ | ৫৪ | — | — | — | ৬২ | ৩ | ১৬ | ৩ |
| সুতী-১ | ১০১ | ৩০ | — | ২৫ | ১ | ৩১ | ৩ | ১০ | ১ |
| সুতী-২ | ১৪৪ | ৪৬ | — | ১৮ | ২ | ৬১ | — | ১২ | ৫ |
| রঘুনাথগঞ্জ-১ | ১১৫ | ৫৪ | — | ১০ | — | ১৯ | ১৪ | ১৩ | ৫ |
| রঘুনাথগঞ্জ-২ | ১৫৪ | ৮৩ | ২ | ৩ | — | ৪৫ | ৭ | ১১ | ৩ |
| সাগরদীঘি | ১৯০ | ১১৭ | — | ৪ | ২ | ৫১ | ৫ | ৯ | ২ |
| সামসেরগঞ্জ | ১৩৮ | ৭০ | — | ১ | ২ | ৫১ | ৭ | ৩ | ৪ |
| সর্বমোট | ৯৮১ | ৪৫৪ | ২ | ৬১ | ৭ | ৩২০ | ৩৯ | ৭৪ | ২৩ |

বামফ্রন্ট—৫২৪, কংগ্রেস—৩২০, বিজেপি-টিএমসি জোট—১১৩

* ফরাক্কায় ১টি আসনে প্রার্থীর মৃত্যুর জন্য ভোট হয়নি।

### পঞ্চায়েত সমিতি

| ব্লকের নাম | মোট আসন | সিপিএম | আরএসপি | ফঃ ব্লক | কংগ্রেস | টিএমসি | বিজেপি | নির্দল |
|---|---|---|---|---|---|---|---|---|
| ফরাক্কা | ২৪ | ১২ | — | — | ১০ | — | ১ | ১ |
| সুতী-১ | ১৮ | ৯ | ৪ | — | ৫ | — | — | — |
| সুতী-২ | ২৬ | ১২ | ৩ | — | ১১ | — | — | — |
| রঘুনাথগঞ্জ-১ | ১৮ | ১১ | ৪ | — | ১ | — | ২ | — |
| রঘুনাথগঞ্জ-২ | ২৮ | ১৬ | ২ | — | ৭ | ২ | ১ | — |
| সাগরদীঘি | ৩১ | ২৭ | — | — | ৪ | — | — | — |
| সাম.সরগঞ্জ | ২৪ | ১৫ | — | ১ | ৭ | ১ | — | — |
| সর্বমোট | ১৬৯ | ১০২ | ১৩ | ১ | ৪৫ | ৩ | ৪ | ১ |

বামফ্রন্ট—১১৬, কংগ্রেস—৪৫, বিজেপি-টিএমসি জোট—৭

### দু'জন ছিনতাইকারীর মৃত্যু

সাগরদীঘি : গত ৫ জুন এই থানার মোরগ্রাম বাসষ্ট্যাণ্ড থেকে বীরভূম যাবার রাস্তায় টিনু সেখ (২৫) এবং জারু সেখ (২৮) নামে দুই ছিনতাইকারী লরী চাপা পড়ে মারা যায়। খবরে প্রকাশ, এই দুই ছিনতাইকরী ছাড়াও আরো দু'তিনজন ছিনতাইকারী চলন্ত লরীটিতে চেপে ড্রাইভারকে মারধোর করে, ছুরি চালায় এবং ড্রাইভারের যা টাকা পয়সা আছে বের করতে বলে। ড্রাইভার চলন্ত লরীতে প্রাণ বাঁচাতে চেষ্টা করার সময় লরীটি নিয়ন্ত্রণ হারিয়ে একটি খাদে পড়ে গিয়ে উল্টে যায়। ফলে উক্ত দুই ছিনতাইকারী লরীতে চাপা পড়ে ঘটনাস্থলে মারা যায়।

### জায়গা বিক্রয়

রঘুনাথগঞ্জস্থ ইন্দিরাপল্লীতে বাসযোগ্য সোয়া দুই কাঠা জয়গা অতি শীঘ্র বিক্রয় হইবে। যে কোন রবিবারে যোগাযোগ করুন।

**বাসুদেব চক্রবর্তী**
ইন্দিরাপল্লী / রঘুনাথগঞ্জ

Govt. Of West Bengal
**Office of the Co-op Dev. Officer (L+R) and Liquidator of Co-op. Societies, Murshidabad.**
Berhampore, Murshidabad
**C/o. Msd. Dist. Central Co-op. Bank Ltd. Berhampore, Murshidabad. Pin-742101**

## IMPORTANT NOTICE

It is hereby notified to all concerns that in the light of the order issued by the Registrar of Co-op. Societies, West Bengal vide his Memo No. 9242 (22)/IV—438/96 Dt. 4. 12. 96 On closing of Liquidation proceedings the following appended Co-op. Societies placed under liquidation but not closed and have been lying due pending for long long years ago now due to being non-traceable whose registration should be cancelled from the Register of Registration of the office of the Assistant Registrar of Co-op. Societies, Murshidabad after one month from the date of this publication, if any objection does not reach here to the undersigned from any corner of debtor, creditor or Co-operator of the concerned societies within the stipulated period, of one month from the date of publication.

| Sl. No | Name of the Block | Name of the Co-op. Societies placed under liquidation | Registration No. & date | Liquidation No. & date |
|---|---|---|---|---|
| 1. | Raghunath-ganj-I | Raninagar S.K.U.S Ltd. | — | 20/20. 2. 87 |
| 2. | Sagardighi | Khatua Gramya S. Sasya Bhandar 'O' K.R.S. Ltd. 79/24. 1. 63. | 14 L | 8. 1. 87 |
| 3. | Sagardighi | Bajitpur S.K.B. | 61 L | 12. 5. 78 |
| 4. | Sagardighi | Krishnapur S. K. S. | 32 L | 4. 5. 73 |
| 5. | Suti-I | Haroa P. C. S. Ltd. | 15 L | 15. 2. 80 |
| 6. | Suti-II | Chhabghati K. D. Vidyapith Students Consm. Co-op. Stores Ltd. | | |
| 7. | Samserganj | Shibtala S. K. U. S. Ltd. | 32 L | 26. 6. 80 |
| 8 | Samserganj | Kanchantala J. D. J. Institution Students Consm. Co.op. Stores Ltd. | 5187 L | 1. 11. 88 |
| 9. | Suti-I | Alampur Bakery Co-op. Society Ltd. | 4984 L | 12. 8. 87 |
| 10. | Farakka | Nishindra S. K. U. S. Ltd. | 11 L | 20. 3. 80 |
| 11. | Farakka | Jigri S.K.U.S. Ltd. | 9 L | 20. 3. 86 |

Md. Abbas
11. 6. 98
C. D. O. (L+R) and Liquidator of Co-op. Societies, Jangipur Subdivision
Raghunathganj, Murshidabad

## জঙ্গীপুর কলেজ ৫০ হাজার টাকা অনুদান পাচ্ছে

জঙ্গীপুর : স্থানীয় কলেজ গভর্নিং বডির অনুমোদন পেলেই জেলার মধ্যে একমাত্র জঙ্গীপুর কলেজে একটি বিশেষ কর্মমুখী প্রশিক্ষণ কোর্স চালু হচ্ছে। জানা যায় এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউ জি সি) জঙ্গীপুর কলেজকে প্রায় ৫০ হাজার টাকা এককালীন আর্থিক অনুদান দিচ্ছে। এই কর্মমুখী বিশেষ প্রশিক্ষণের আওতায় অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া দুঃস্থ মেধাবী ছাত্রছাত্রীরাই থাকবেন। প্রশিক্ষণ বলতে- ভবিষ্যতে বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষাতে যাতে ছাত্ররা সফলতা পেতে পারে, সেই লক্ষ্যেই এই প্রশিক্ষণ। কলেজে স্নাতক স্তরের ছাত্রছাত্রীরাই এই সুযোগ পাবেন। প্রশিক্ষণ দাতারা হবেন মেধাবী অথচ বেকার প্রাক্তন ছাত্ররাই।

### তিনজন যাত্রীর মৃত্যু ( ১ম পৃষ্ঠার পর )

এই সব চালকরা যাত্রী বোঝাই করে অন্য গাড়ীর সঙ্গে প্রতিযোগিতা করতে গিয়ে দুর্ঘটনা প্রায়ই ঘটাচ্ছে। কোন কোন যাত্রী এর প্রতিবাদ করতে গিয়ে গাড়ী মালিকদের কাছে অপমানিত বা লাঞ্ছিত হয়েছেন এমন খবরও আছে। মানুষের জীবন নিয়ে এই ধরনের অর্থ রোজগার বন্ধে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছেন ভুক্তভোগী যাত্রীরা।

### মির্জাপুর গ্রাম পঞ্চায়েতের ( ১ম পৃষ্ঠার পর )

করতে হবে— এই সিদ্ধান্ত নিয়ে চুপচাপ আছেন। মির্জাপুর গ্রাম পঞ্চায়েতের এখন মধ্যমণি রবি টুডু।


আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত

**✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚**

রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ★ মুর্শিদাবাদ

( সবজী বাজারের বিপরীত দিকে )

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক— ডাঃ সাহা

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি (ডাবলু, টি), এফ. ডাবলু. টি ( আই. আর. সি. এস )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পূঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনস্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক. ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্স্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ – হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার 'কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।


## পঞ্চায়েত নির্বাচনে জেলা পরিষদের ফলাফল

| ব্লকের নাম | মোট আসন | সিপিআই (এম) | আরএসপি | কংগ্রেস | তৃণমূল কংগ্রেস | বিজেপি | নির্দল |
|---|---|---|---|---|---|---|---|
| ফরাক্কা | ২ | হাসিনা বিবি ১৮,৮১৫ | — | চন্দনা ঘোষ ১৭১৯২ | বাসন্তী পাণ্ডে ২৪৩৫ | সন্ধ্যা সাহা ৪৫১৪ | — |
| | | আবদুস সালাম ১৪৩৯৬ | — | আনামুল হক ১৩০৬০ | রবীন্দ্রনাথ দাস ৪৬৪০ | — | আবুল হোসেন ১৬৮৫ |
| সুতী-১ | ২ | মহাদেব মাঝি ৯০৮২ | জানে আলম মিঞা ৬৪০৮ | রামানন্দ মুখার্জী ৮৮৮২ | — | তপন রায় ৩২৫৮ | — |
| | | সুলতা ঘোষ ৮২৪১ | মিনতি দাস ৬৩৫৪ | মীরা দাস ৮৬১১ | বন্দনা রায় ২৩৪৬ | সুফিয়া বিবি ৩৫৯৫ | — |
| সুতী-২ | ২ | — | নিজামুদ্দিন আহমেদ ১৫৯৪৮ | ওবাইদুর রহমান ১৭২৬২ | শম্ভুনাথ সরকার ২৩৩০ | অনুপ সাহা ৩৪৬৩ | বিঃ মইনুল ২২৩৬। সেখ রফিকুল (২১৯) |
| | | কনিকা দাস ১৮৬৪৯ | — | ফুল্টুসী দাস ১৫৬০৫ | স্মৃতি দাস ১৭৩৫ | সবিতা সিংহ ৪৯৯৩ | ঝর্ণা রায় ১০৭৪ |
| রঘুনাথগঞ্জ-১ | ২ | সঞ্জয় রায় ১৬২২১ | — | হবিবুর রহমান ৫৬১৩ | রব্বান সেখ ৭৭১৫ | — | দুই প্রার্থী থাকলেও ভোট স্বল্প |
| | | প্রাণবন্ধু মাল ১৫৬৮৫ | — | রাজীব ঘোষ ৮৪৩৮ | — | দিলীপ প্রসাদ ৮৯৭৪ | — |
| রঘুনাথগঞ্জ-২ | ২ | সাহাদাত হোসেন ২২১১৫ | — | অরবিন্দ সিংহরায় ১৭৩৩৩ | বিশ্বাস ফজলুর রহমান ৪৪৭৯ | — | — |
| | | মুনিরা খাতুন ৯৮২৯ | — | চেনবানু খাতুন ৮৮৩৫ | প্রণতি সিনহা ৮৩২৩ | — | |
| সাগরদীঘি | ৩ | মরিয়ম হাঁসদা ১৮০৯২ | — | কল্পনা সর্দার ১২৫৩৭ | ভারতী সরেন ৩০২৭ | ভারতী হেমব্রম ৩০০১ | — |
| | | নিত্যসন্তোষ চৌধুরী ১৪০৫৫ | হায়াত আলী ২৪৭৯ | মহঃ বদরুদ্দোজা ১১৪১০ | আবদুস সালাম ৩৪৩১ | মুন্সী হাসান ২৪০৬ | — |
| | | বিমল দাস ১৯২৮০ | — | বৃন্দাবন সরকার ১৩৩২০ | মনোজিৎ দাস ৩০৪১ | স্বাধীন মাহারা ৩৯১৪ | — |
| সামসেরগঞ্জ | ২ | মোদাস্বর হোসেন ১৭৬৭৯ | — | হুমায়ুন চৌধুরী ১৭৭১২ | লুৎফল হক ৩১৩১ | নারায়ণ দাস ২৬৮৯ | — |
| | | নূর মহম্মদ ২০১৭২ | — | সামশুল ১০২৯০ | আকবর আলী ৪৯০৬ | — | টিপু সুলতান ৯৭৬ |
| সর্বমোট | ১৫ | ১২ | — | ৩ | — | — | — |

সিপিআই (এম)-১২, কংগ্রেস—৩, বিজেপি-তৃণমূল জোট—× —নির্বাচিত

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ) পিন ৭৪২২২৫ হ'তে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।